গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা- ১০০০

নথি নং- ০৮.০১.০০০০.০৩০.০৩.০০৭.২০১৪-৬১ তারিখঃ ১০/০৭/২০১৪ খ্রিঃ

প্রেরকঃ প্রথম সচিব (করনীতি)

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

প্রাপকঃ চেয়ারম্যান, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম।

বিষয়ঃ অর্থ আইন, ২০১৪ এর মাধ্যমে লীজ দলিল রেজিস্ট্রেশনের ক্ষেত্রে ৪% হারে 53HH ধারায় করারোপ এবং চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের আওতাধীন জমি বা স্থাপনা হস্তান্তর দলিল রেজিস্ট্রেশনকালে 53H ধারায় কাঠাপ্রতি করারোপ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করছি।

০২। অর্থ আইন, ২০১৪ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ তে নতুন ধারা 53HH সন্নিবেশ করে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক), চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (সিডিএ), খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ (কেডিএ), রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ (আরডিএ) এবং জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক সম্পাদিত দীর্ঘমেয়াদী লীজ দলিল রেজিস্ট্রেশনের সময় লীজ দলিল মূল্যের ৪% হারে লীজ প্রদানকারী কর্তৃপক্ষ (lessor) কর্তৃক কর প্রদানের বিধান করা হয়েছে।

০৩। উল্লেখ্য যে, ২৬ জুন, ২০১৪ তারিখে জারীকৃত এস.আর.ও নং-১৫৮-আইন/আয়কর/২০১৪ মোতাবেক (কপি সংযুক্ত) চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষসহ ২৯টি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের মূলধনী আয় ব্যতীত অন্য সকল আয়ের উপর হ্রাসকৃত ২৫% হারে করারোপ করা হয়েছে। বরাদ্দকৃত প্লটের/অ্যাপার্টমেন্টের লীজ দলিল রেজিস্ট্রেশনকালে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক 53HH ধারায় ৪% হারে পরিশোধিত কর চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের করযোগ্য আয়ের উপর প্রদেয় করের বিপরীতে সমন্বয় করা যাবে।

০৪। বাজেট কার্যক্রম, ২০১৪ এর মাধ্যমে জমি বা স্থাপনা হস্তান্তর দলিল রেজিস্ট্রেশনকালে অগ্রিম কর আদায় সংক্রান্ত আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর 53H ধারা সংশোধন এবং উক্ত ধারা অনুসারে করারোপের বিষয়ে একটি নতুন বিধি 17II সন্নিবেশ করা হয়েছে (কপি সংযুক্ত)। উক্ত বিধির তফসিল (a) এবং (b) তে ঢাকা, চট্টগ্রাম, গাজীপুর ও নারায়ণগঞ্জ জেলায় যে সকল জমি/স্থাপনা গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীন গণপূর্ত অধিদপ্তর, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ অথবা চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের কর্তৃক ইতোপূর্বেও লীজ বরাদ্দ বা বিক্রয় করা হয়েছিল, সে সকল জমি বা স্থাপনা পরবর্তীতে হস্তান্তর/বিক্রয় দলিল রেজিস্ট্রেশনের ক্ষেত্রে বিভিন্ন এলাকার জন্য বিভিন্ন হারে কাঠাপ্রতি করারোপের বিধান করা হয়েছে।

কাঠাপ্রতি কর পরিশোধের উক্ত বিধান যথাযথভাবে প্রয়োগের স্বার্থে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের আওতাধীন জমি/স্থাপনা বিক্রয় বা হস্তান্তরের অনুমতি পত্র প্রদানের সময় উক্ত অনুমতিপত্রে সুনির্দিষ্টভাবে জমির অবস্থান তথা প্লট নম্বর, এভিনিউ নম্বর, সড়ক নম্বর, এলাকার নাম ইত্যাদি উল্লেখ করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

স্বাক্ষর অস্পষ্ট
১০/০৭/২০১৪
(মোঃ আবদুর রহমান খান এফসিএমএ)
প্রথম সচিব (করনীতি)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
ফোনঃ